দৈনিক ইত্তেফাক

তারিখ: 13 JUL 2017 পৃষ্ঠা: ১৬ কলাম: ১

# ব্রাহ্মণবাড়িয়ায় ১০টি শিক্ষা প্রতিষ্ঠানে দুদকের সততা স্টোর চালু

ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

শিক্ষার্থীদের সততার শিক্ষা নেওয়ার লক্ষ্যে দুর্নীতি দমন কমিশনের উদ্যোগে ব্রাহ্মণবাড়িয়ার পাঁচটি উপজেলার ১০টি শিক্ষা প্রতিষ্ঠানে সততা স্টোর চালু হয়েছে। এগুলো হচ্ছে কসবা সরকারি উচ্চ বিদ্যালয়, কসবা সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়, আখাউড়া নাছরিন নবী স্কুল এন্ড কলেজ, আখাউড়া রেলওয়ে সরকারি উচ্চ বিদ্যালয়, বিজয়নগরের চম্পকনগর স্কুল এন্ড কলেজ ও মিড়ামানী পলিটেকনিক একাডেমি, সরাইল অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয় ও সরাইল মডেল পাইলট উচ্চ বালিকা বিদ্যালয় এবং নাসিরনগর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয় ও আশুতোষ পাইলট উচ্চ বিদ্যালয়। গত মঙ্গলবার দুদকের উদ্যোগে প্রতিটি বিদ্যালয়ের সততা স্টোরের জন্য সাত হাজার ৫০০ টাকা করে আর্থিক অনুদান প্রদান করা হয়। আখাউড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা শামসুজ্জামান অনুদানের অর্থ বিতরণ করেন। এ সময় উপস্থিত ছিলেন আখাউড়া পৌরসভার মেয়র তাকজিল খলিফা কাজল, দুদকের কুমিল্লা সমন্বিত কার্যালয়ের সহকারী পরিচালক আহসানুল কবির পলাশ, ব্রাহ্মণবাড়িয়া জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সাধারণ সম্পাদক মোহাম্মদ আরজু, উপজেলা ভারপ্রাপ্ত শিক্ষা কর্মকর্তা কফিলউদ্দিন আহমেদ, আখাউড়া উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি শাহজাদা খাদেম, সাধারণ সম্পাদক মো. আমানুল্লা, কসবা উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সাধারণ সম্পাদক মুন্সী রুহুল আমীন টিটো, নাসরিন্নবী স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ জান্নাত সিদ্দিকী প্রমুখ।

এছাড়া অন্যান্য উপজেলাগুলোতে অনুদান প্রদানের সময় উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির নেতৃবৃন্দসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।